



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৭.৯৯.০৩৩.২০২০- ১১৬

তারিখ: ২৭/০৮/২০২০ খ্রি.

বিষয়: সরকারি/বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ে অনলাইন শ্রেণি কার্যক্রম সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ বা করোনা মহামারীর কারণে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকায় মাধ্যমিক পর্যায়ের শ্রেণি পাঠদান অব্যাহত রাখার লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা “আমার ঘরে আমার স্কুল” শিরোনামে শ্রেণি পাঠদান সংসদ বাংলাদেশ টেলিভিশন এর মাধ্যমে সম্প্রচার করে যাচ্ছে। তাছাড়া অনেক শিক্ষা প্রতিষ্ঠান নিজস্ব ব্যবস্থাপনায় অনলাইনে শ্রেণি কার্যক্রম পরিচালনা করছে। অনলাইনে শ্রেণি কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনা অনুসরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ক. সংসদ বাংলাদেশ টেলিভিশনে প্রচারিত শ্রেণি কার্যক্রমের সময়ের সঙ্গে সমন্বয় করে অনলাইন শ্রেণি কার্যক্রম পরিচালনা করতে হবে।

খ. বিদ্যালয় শিক্ষকগণ কর্তৃক পরিচালিত মানসম্মত ক্লাসসমূহ Youtube-এ আপলোড করে ডিডিও’র লিংকটি মাউশির dddshesecondary@gmail.com প্রেরণ করতে হবে।

গ. প্রতি মাসের ০৩ (তিন) তারিখের মধ্যে বিশেষ ছক অনুসরণপূর্বক পূর্ববর্তী মাসের অনলাইন ক্লাসের তথ্য প্রতিষ্ঠান প্রধান কর্তৃক উপজেলা/থানা শিক্ষা অফিসে প্রেরণ করতে হবে। উপজেলা মাধ্যমিক/থানা শিক্ষা অফিসার তাঁর আওতাধীন বিদ্যালয়ের অনলাইন ক্লাসের তথ্য ০৬ (ছয়) তারিখের মধ্যে সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসে, জেলা শিক্ষা অফিসার সংশ্লিষ্ট উপপরিচালক বরাবর ১০ তারিখের মধ্যে এবং আঞ্চলিক উপপরিচালক ১৫ তারিখের মধ্যে ইমেইল: dddshesecondary@gmail.com মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করবেন।

‘ছক’


প্রতিষ্ঠানের নাম:..... ঠিকানা:..... EIIN:.....(MPO INDEX: প্রযোজ্য ক্ষেত্রে)

ক্রম	শ্রেণি	নির্দিষ্ট রুটিন আছে কী না	অনলাইন শ্রেণি কার্যক্রম	বিষয় ভিত্তিক ক্লাস সংখ্যা	শিক্ষার্থীদের অংশগ্রহণ		চ্যালেঞ্জ	মোকাবিলার উপায়
					মোট সংখ্যা	শতকরা হার		

প্রাপক

অধ্যক্ষ/প্রধান শিক্ষক

স্কুল এন্ড কলেজ(সকল)/ মাধ্যমিক বিদ্যালয় (সকল)


২৭/০৮/২০২০

(প্রফেসর মো. বেলাল হোসাইন)

পরিচালক (মাধ্যমিক)

ফোন: ৯৫৫৪৫৬৫

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
২. পরিচালক, আঞ্চলিক কার্যালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)।
৩. উপপরিচালক, আঞ্চলিক কার্যালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)।
৪. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৫. জেলা শিক্ষা অফিসার, (সকল)।
৬. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, (সকল)।
৭. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৮. পরিচালক (মাধ্যমিক) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৯. সংরক্ষণ নথি।